ভুতুড়ে জুতো

খেলা থেকে অবসর নেবার পরেই হঠাৎ দেশে-বিদেশে- বিখ্যাত এক ফুটবল-খেলোয়াড় বিমান-দুর্ঘটনায় মারা যান। রেখে যান তাঁর আত্মজীবনীর পাণ্ডুলিপি···আর একজোড়া বুট। স্কুলের ছাত্র বিলু তাঁর ফ্ল্যাটে গিয়ে সেই আত্মজীবনী ও বুটজোড়া পেয়ে যায়। নিহত খেলোয়াড়ের শট ছিল কামানের গোলার মতো। তাই সবাই তাঁকে 'গোলন্দাজ' বলত। তাঁর বুট পরে মাঠে নামতেই বিলুর খেলার ধাঁচ একেবারে পালটে যায়···

বিলু তো ফরোয়ার্ডের খেলোয়াড়। তাহলে বোকার মতো ও নিজেদের গোলের সামনে দাঁড়িয়ে আছে কেন ?

বিপক্ষ-দলের উইঙ্গার হঠাৎ বল বাড়াতেই···
আমার ভিতর থেকে কে যেন বলছে, বল কেড়ে এগোও !

বিলু এগোচ্ছে···
কীভাবে যে বল কাড়লাম, কে জানে !

বিলুর কাণ্ড দ্যাখো !
কেউ ওকে আটকাতে পারছে না !

বিলু তার নিজের দলের খেলোয়াড়দের ডাকছে···
রণ্টু, পট্‌লা, এগিয়ে যা ! বল বাড়াচ্ছি !.

বিলু রণ্টুকে বল দিয়েছে···
ডাইনে পাস্ কর ! আমি এগোচ্ছি !

পোস্টে লেগে বল ফিরতেই বিলু শুট করল…
শাবাশ বিলু !
গোলটা কে করল ? আমি. না এই বুট ?
এইভাবে খেললে জগুর জায়গায় এখন থেকে তোকেই নামানো হবে !
খেলা শেষ হবার পর…
জগুর জ্বর, তাই তোকে নামানো হয়েছে, কিন্তু…
জগু তোর চেয়ে বড় খেলোয়াড় !
না না, বিলুও দারুণ খেলছে !

গেম-টিচার এসেছেন…
বল পেলেই বিলুকে পাস করবে। সামনের শনিবার স্কুল-লিগের খেলা সেদিনও বিলুকেই নামাব ।

সামনের শনিবারের খেলা দেখেই নাকি রাজ্য-স্কুল-দল গড়া হবে। নির্বাচকরা সেদিন মাঠে হাজির থাকবেন শুনছি ।
ওরেব্বাবা, সে তো বিরাট ব্যাপার ! আমরা কেউ কি চান্স পাব ?

সেই রাত্তিরে… বিলু ভাবছে…
আত্মজীবনীতে দেখছি, 'গোলন্দাজ'ও রাজ্য-স্কুল-দলে নির্বাচিত হয়েছিলেন। তার পরেই তিনি জাতীয় স্কুল দলে জায়গা পান ।

বিলু জোর অনুশীলন চালাচ্ছে…
রাজ্য-স্কুল-দলে আমাকে নির্বাচিত হতে হবেই । তার পরে জায়গা পেতে হবে জাতীয় স্কুল-দলে।

স্কুলে…শুক্রবার…
খবর শুনলে বিলু কেঁদে ফেলবে !
কী বলাবলি করছে ওরা ?

সামনেই নোটিস-বোর্ড…
এ কী, জগুই খেলছে ! আমি নেহাতই বদলি-খেলোয়াড় !
নোটিস
শনিবারের খেলায় জগবন্ধু বসুই সেন্টার ফরোয়ার্ড খেলবে। বদলি-খেলোয়াড় হিসেবে মাঠে উপস্থিত থাকবে বিলাস রায় ।

বিলু প্রথমে হতাশ হয়ে পড়েছিল…
কিন্তু 'গোলন্দাজ'-এর আত্মজীবনীর
কথা মনে পড়তেই…

সে আবার চাঙ্গা হয়ে উঠল । আবার
চালাতে লাগল অনুশীলন !

বাস্ রে ! যেন চুনী গোস্বামী !
এইভাবে যদি খেলতে পারিস বিলু, তাহলে আর ভাবনা নেই !
শনিবার…
এসো বিলাস, বাস ছাড়বে !
যাচ্ছি তো, কিন্তু জগুও যখন যাচ্ছে, তখন কী হবে কে জানে !

বিলু, আমি এখনও ঠিক সুস্থ হয়ে উঠিনি । তুই খেললেই ভাল হত !
না রে জগু, তোকে আমি হিংসা করি না । তুই খেললেই আমি খুশি হব !
ড্রেসিং রুমে…
তুমিও তৈরি থাকো বিলু । দরকার হলেই মাঠে নামতে হবে ।
তৈরি থাকছি । কিন্তু আশা করছি, জগুই শেষ পর্যন্ত খেলবে ।

মাঠের ধারে বসে আছে বিলু…
জগু খুব সুন্দর খেলছে । গোল পাচ্ছে না, কিন্তু চেষ্টার ত্রুটি নেই ।
ওদের গোলিটা দারুণ ! রাজ্য-দলে জায়গা পাবেই !

খেলা শেষ হবার দশ মিনিট আগে… ফল তখনও ০—০…
এবারে তোমাকে নামাব বিলাস, ওয়ার্ম-আপ করো…
সত্যি ?

আমি বিলাস রায়…জগবন্ধু বসুর জায়গায় নামছি…
ঠিক আছে !

ঠিক 'গোলন্দাজ'-এর মতোই আমি নামলাম । খেলা শেষ হতে আর দশ মিনিট বাকি !

সেও কি তাহলে
দশ মিনিটে হ্যাটট্রিক করবে ?

বিলু এগোচ্ছে···
ওকে কাটাতে হবে···

কাটিয়ে নিয়েই বিলু বাঁ পায়ে কিক্ করল··· গো-ও-ও-ল !
গোল !
শাবাশ বিলু ! শাবাশ

এখন বিলু জানে···
আরও একটা গোল আমি পাবই !

আর মাত্র দু' মিনিট বাকি । কর্নার কিক
বুট বলছে, এখানে দাঁড়াও !

বল গোলের সামনে পড়ছে···
এ-গোলটাও আমিই পাব !

বিলু লাফিয়ে উঠে বলে মাথা ঠেকাতেই··· গো-ও-ও-ল !
হ্যাটট্রিক !
দশ মিনিটে তিন গোল !

জগুও ছুটে এসে অভিনন্দন জানাচ্ছে···
দারুণ খেলেছিস বিলু !
তুই খুশি তো ?

গেম-টিচার ড্রেসিং রুমে এসেছেন···
তোমাকে ওঁরা রাজ্য-দলে নিচ্ছেন, বিলাস !
সত্যি ?

তবে জগবন্ধুও বদলি হিসেবে দলে থাকছে !
শাবাশ জগু !
শাবাশ বিলু !
শেষ

হাঁসের ছানা মধুমালা

গড়াতে-গড়াতে গিয়ে থেমেছে
বাঘা-কুত্তার লেজের মধ্যে।

তারপরে কী হল বলো তো?

ঘুম ভাঙতেই বাঘার তো চক্ষুঃস্থির !
এ আবার কে রে বাবা ?

মধুমালাকে ভাল করে দেখে নিয়ে বাঘা
চেঁচাল, ঘেউ ঘেউ !

হাঁসের ছানাও সেই ডাক নকল করে
বলল, ঘেউ ঘেউ !

কাছেই ছিল এক পুষি বেড়াল। সে তো
'ঘেউ ঘেউ' শুনে ভীষণ ভয় পেয়ে তক্ষুনি
গাছে উঠে পড়েছে। আর সেখান
থেকে বলছে, মিউ মিউ !

'মিউ-মিউ' ডাকটা কানে যেতে হাঁসের ছানা
মধুমালাও অমনি মিউ-মিউ করে ডাকতে
লেগে গেছে !

পুষি তো তাই শুনে বিষম ঘাবড়ে
গিয়ে পালাল !

ওদিকে মধুমালা মিউ-মিউ করে ডাকছে,
আর ইঁদুর-ছানারা ভাবছে, এই রে,
এবারে বেড়াল এসে ঘাড় না মটকায় !

মধুমালা ততক্ষণে পুকুর-পাড়ে চলে
এসেছে। সেখানে ব্যাঙের ডাক শুনে
সে-ও ডাক ছাড়ল : গ্যাঙর গ্যাং !

তারপর ঝিঁঝির ডাক শুনে সে-ও
ডাকল : ঝি-ই-ই-ই-ই !
তারপরে কী হল বলো তো ?

শেষে দিন কেটে যখন ফের
রাত নেমেছে, তখন…

রাত্তিরে কি মোরগ ডাকে নাকি ?